আপনাকে একটি ফৌজদারি অপরাধের জন্য গ্রেপ্তার করা হয়েছিল, কিন্তু কখনও কোনও অভিযোগ দায়ের করা হয়নি। নিয়োগকর্তা কি এই গ্রেপ্তারী সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন?

না। যে কোনোভাবেই এর সম্পর্কে জানতে চাওয়া বেআইনি হবে।

আপনি একজন কেব্‌ল টেলিভিশন ইনস্টলেশন বিশেষজ্ঞ হিসেবে একটি চাকরির আবেদন করলেন। এই চাকরিতে আপনার গ্রাহকদের বাড়িতে বাড়িতে কেব্‌ল পরিষেবা ইনস্টল করার প্রয়োজন হবে। সাক্ষাৎকার প্রক্রিয়া চলাকালীন গুরুতর আঘাত করার কারণে আপনার সাম্প্রতিক দণ্ডাজ্ঞার কথা প্রকাশিত হল। আপনি চাকরিটা পেলেন না এবং মনে করলেন যে আপনার দণ্ডাজ্ঞার রেকর্ডই তার কারণ। এটা কি আইনসম্মত?

নিয়োগকর্তা এই ইস্তাহারে বর্ণিত কারণগুলি বিবেচনা করলে এবং দণ্ডাজ্ঞা আপনার চাকরির কর্তব্য পালনের উপযুক্ততা ও সক্ষমতার উপর প্রভাব বিস্তার করবে বলে সিদ্ধান্ত নিলে সেই সিদ্ধান্তটি আইন মেনে হওয়ার সম্ভাবনাই বেশি।

আপনি আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের আবেদন করলেন এবং আপনার আগের পাঁচবারের গ্রেপ্তারীর কথা প্রকাশ করলেন, যার সবকটির সমাধানই আপনার পক্ষে গিয়েছিল। আপনার আগেকার গ্রেপ্তারীর ভিত্তিতে আপনার আবেদনটি প্রত্যাখ্যান করা হয়েছে। এটা কি আইনসম্মত?

হ্যাঁ, আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রক সরকারি সংস্থাগুলি আইনের গ্রেপ্তারীর রেকর্ডের বিধির অধীনের আওতায় আসে না।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কার্জটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

আইনের অধীনে গ্রেপ্তারী ও দণ্ডাজ্ঞাপ্রাপ্তির রেকর্ড সহ মানুষদের সুরক্ষা

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Protections for People with Arrest & Conviction Records

নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইন

এটা নিশ্চিত করা স্টেট অব নিউ ইয়র্ক এর সরকারি নীতি যে, পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা সহ নিউ ইয়র্কবাসীগণ এবং যারা ফৌজদারি অপরাধে দণ্ডাজ্ঞাপ্রাপ্তরা যেন এই স্টেটের ব্যক্তিগত ও অর্থনৈতিক সুযোগসমূহে অংশগ্রহণ করে।

এই লক্ষ্যকে সহজতর করতে স্টেট এর থেকে মানবাধিকার আইনের অধীনে সুরক্ষার আইন প্রণয়ন করা হয়েছে। সুরক্ষাগুলি নিম্নলিখিত দুটি শ্রেণীতে পড়ে:

1) যাদের পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা রয়েছে; এবং

2) যাদেরকে ফৌজদারি অপরাধে দণ্ডাজ্ঞা দেওয়া হয়েছে।

যাদের পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা রয়েছে তাদের জন্য আইনটি হল

আপনার পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা থেকে থাকলে আপনাকে চাকরির, লাইসেন্সিং এর অথবা ক্রেডিট বা বিমা প্রদানের সঙ্গে সংশ্লিষ্ট ভিত্তিতে প্রশ্ন করা অথবা সেই কারণে কোনও বৈষম্য প্রদর্শন করা চলবে না।

আইনে সেই সময় বকেয়া নেই, তার পক্ষে সমাধান করা হয়েছে, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা রয়েছে এমন কোনও গ্রেপ্তারী সম্পর্কে "কোনও প্রয়োগ বা অন্য কিছু ব্যতিরেকে কোনও তদন্ত করা অথবা কোনও ব্যক্তির বিরুদ্ধে প্রতিকূল পদক্ষেপ নেওয়া"কে বেআইনি ঘোষণা করার দ্বারা বিস্তৃত সুরক্ষা পেশ করা হয়।

উপরে বর্ণিত সুরক্ষাগুলি বন্দুকের, আগ্নেয়াস্ত্রের বা অন্যান্য ঘাতক অস্ত্রের লাইসেন্স প্রদানকারী সরকারি সংস্থাগুলির ক্ষেত্রে অথবা পুলিশ অফিসার বা শান্তি আধিকারিকদের নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এই সকল পরিস্থিতিতে, সংস্থাটি পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড, সীল করা রেকর্ড বা তারুণ্যের অপরাধের ফয়সালা সম্পর্কে জিজ্ঞাসা করতে ও তা বিবেচনা করতে পারে।

যাদের দণ্ডাজ্ঞাপ্রাপ্তির রেকর্ড রয়েছে তাদের জন্য আইন

জিজ্ঞাসা করা হলে আপনার নিজের সম্ভাব্য নিয়োগকর্তার বা নিয়োগকর্তার কাছে, আগেকার যে কোনও দণ্ডাজ্ঞা প্রকাশ করা আবশ্যক।

কোনও নিয়োগকর্তা বা লাইসেন্স দেওয়ার সংস্থার ফৌজদারি অপরাধে দণ্ডাজ্ঞা পাওয়া সম্পর্কে জিজ্ঞাসা করার অনুমতি রয়েছে, তবে তারা চাকরি প্রত্যাখ্যান করতে পারে না, যদি না সেই দণ্ডাজ্ঞা পাওয়ার সঙ্গে লাইসেন্স বা আবেদন করা চাকরির এমন কোনও সম্পর্ক থেকে থাকে যাতে সম্পত্তির উপর বা অন্যদের সুরক্ষা ও কল্যাণের উপর অযৌক্তিক ঝুঁকি উপস্থিত হয়।

এটা নির্ধারণ করতে নিয়োগকর্তাকে নিম্নলিখিত কারণগুলি বিবেচনা করতে হবে:

- নিউ ইয়র্কের আগেকার দণ্ডাজ্ঞাপ্রাপ্তদের বিশেষ অনুমতি ও চাকরিতে উৎসাহ দেওয়ার সরকারি নীতি।
- লাইসেন্স বা চাকরির সঙ্গে অপরিহার্যভাবে সংশ্লিষ্ট সুনির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্যসমূহ।
- সেই ব্যক্তি যে ফৌজদারি অপরাধের কারণে দণ্ডাজ্ঞা পেয়েছিল তার সেই দায়িত্ব ও কর্তব্য সম্পাদনের উপযুক্ততা বা সক্ষমতার ক্ষেত্রে তার তাৎপর্য, যদি কিছু থাকে।
- সেই ফৌজদারি অপরাধের পর যতটা সময় কেটেছে।
- সেই ফৌজদারি অপরাধ ঘটার সময় সেই ব্যক্তির বয়স যা ছিল।
- ফৌজদারি অপরাধটির গুরুত্ব।
- সেই ব্যক্তির পুনর্বাসন ও উত্তম আচরণ সম্পর্কে তার দেওয়া বা তার হয়ে দেওয়া যে কোনও তথ্য।

কিছু উদাহরণ:

আপনি একটি চাকরির জন্য আবেদন করেছেন এবং আবেদনপত্রে জিজ্ঞাসা করা হল যে আপনি কখনও কোনও ফৌজদারি মামলায় দণ্ডাজ্ঞা পেয়েছেন কিনা। আপনি আপনার গুরুতর অপরাধের দণ্ডাজ্ঞার কথা প্রকাশ করতে স্বচ্ছন্দ বোধ করেন না। আপনাকে কি সৎভাবে উত্তর দিতেই হবে?

হ্যাঁ। আপনাকে অবশ্যই সৎভাবে প্রশ্নগুলির উত্তর দিতে হবে। নিয়োগকর্তা যদি পরে কোনও সময় নির্ধারণ করেন যে আপনি আপনার আবেদনপত্রে একটি ইচ্ছাকৃত মিথ্যা বর্ণনা দিয়েছেন, সেক্ষেত্রে তিনি আপনাকে নিয়োগ করতে অস্বীকার করতে বা আপনার চাকরি সমাপ্ত করতে পারেন।